আল্লাহ তা‘আলা বলেন, “যখন বান্দা আমার দিকে এক বিঘত অগ্রসর হয়, তখন আমি তার দিকে এক হাত অগ্রসর হই। যখন সে আমার দিকে এক হাত অগ্রসর হয় তখন আমি তার দিকে এক বাহু অগ্রসর হই। আর যখন সে আমার দিকে এক বাহু অগ্রসর হয় তখন আমি তার দিকে আরো দ্রুত অগ্রসর হই।

আবূ হুরায়রা রাদিয়াল্লাহু ‘আনহু থেকে মারফু‘ হিসেবে বর্ণিত, “আল্লাহ তা‘আলা বলেন,
“যখন বান্দা আমার দিকে এক বিঘত অগ্রসর হয়, তখন আমি তার দিকে এক হাত অগ্রসর হই। যখন সে আমার দিকে এক হাত অগ্রসর হয় তখন আমি তার দিকে এক বাহু অগ্রসর হই। আর যখন সে আমার দিকে
এক বাহু অগ্রসর হয় তখন আমি তার দিকে আরো দ্রুত অগ্রসর হই।” [সহীহ] [এটি মুসলিম বর্ণনা করেছেন।]

যখন কোন বান্দা রবের দিকে এক বিঘাত পরিমাণ অগ্রসর হয়, রব তার দিকে এক বাহুপরিমাণ অগ্রসর হয়। আর যখন কোন বান্দা রবের দিকে অধিক অগ্রসর হয়, তখন রব সে যতটুকু অগ্রসর হয়েছে তার চেয়ে আরও বেশি অগ্রসর হন। যখন বান্দা তার রবের দিকে আসে আল্লাহ তার দিকে তার চেয়েও দ্রুত আসে। এখানে অগ্রসর হওয়া ও আসা আল্লাহর দু’টি সিফাত যা আল্লাহ আয্যা ওজাল্লার জন্য সাব্যস্ত। আমরা উভয় সিফাতের প্রতি কোনো প্রকার ধরন ও দৃষ্টান্ত এবং কোনো প্রকার বিকৃতি ও অকার্যকর করা ছাড়া ঈমান আনবো।

https://sunnah.global/hadeeth/bn/show/8293